দৈনিক বাংলা

তারিখ 28 SEP 1992
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬

12

## শ্রেষ্ঠ শিক্ষক ও ছাত্র পুরস্কৃত

সম্প্রতি মাইজদীতে মৌঃ সায়েদুল হক মেমোরিয়াল ফাউন্ডেশনের উদ্যোগে আয়োজিত এক অনাড়ম্বর অনুষ্ঠানে সুধারাম থানার দুইজন শ্রেষ্ঠ শিক্ষক ও চারজন ছাত্র-ছাত্রীকে নগদ অর্থ ও সনদপত্র দিয়ে সম্মানিত করা হয়।

নোয়াখালী সরকারী বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ এম এ জলিল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ও অধ্যাপক মৃত্যুঞ্জয় সরকার সভাপতিত্ব করেন।

হরিনারায়ণপুর হাই স্কুলের প্রধান শিক্ষক সিদ্দিকুর রহমান ও ওটার হাট হাইস্কুলের প্রধান শিক্ষক বাবু সন্তোষ কুমার ভৌমিক যথাক্রমে ১৯৯১ ও ১৯৯২ সালের জন্য পুরস্কার পান।